

## পরীক্ষা

### বুয়েটে ভর্তি পরীক্ষা আজ, 'ক' গ্রুপে ৪০০, 'খ'-এ ৮০০ নম্বরে পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৩ ফেব্রুয়ারি ২০২৫, ০৮: ১৪



ছবি: বুয়েটের ওয়েবসাইট থেকে নেওয়া

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে মূল ভর্তি পরীক্ষা আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে।

এর আগে গত ৩ ফেব্রুয়ারি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে ভর্তির প্রাক-নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ করা হয়। প্রাক-নির্বাচনী পরীক্ষায় তিন শিফটে ৭ হাজার ৫৫২ জন পরীক্ষার্থী নির্বাচিত হয়েছেন। এর মধ্যে প্রথম শিফটে ২ হাজার ৫২০ জন, দ্বিতীয় শিফটে ২ হাজার ৫১২ জন ও তৃতীয় শিফটে ২ হাজার ৫২০ জনকে নির্বাচিত করা

হয়েছে। তিন শিফটে প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থী ছিলেন ২৪ হাজার ২১১ জন। এর মধ্যে ছাত্র ১৭ হাজার ৩৩৯ জন ও ছাত্রী ৬ হাজার ৮৭২ জন। আগামী ১৩ ফেব্রুয়ারি মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

কেমিক্যাল অ্যান্ড ম্যাটেরিয়ালস কৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের অধীন ১৩টি বিভাগে স্নাতক শ্রেণিতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এবারের ভর্তি পরীক্ষায় পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগগুলো এবং নগর ও অঞ্চল-পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি ও স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ মোট আসন ১ হাজার ৩০৯টি।

## মূল ভর্তি পরীক্ষা—

১৩ ফেব্রুয়ারি ২০২৫, বৃহস্পতিবার, (মডিউল 'A': গ্রুপ 'ক' এবং 'খ' উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন, সকাল ১০টা থেকে দুপুর ১২টা) এবং (মডিউল B: 'খ' গ্রুপ মুক্তহস্ত অঙ্কন (Freehand Drawing) এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি (Visual Spatial Intelligence) বেলা ২টা থেকে ৩টা ৩০ মিনিট।)

## পরীক্ষার নম্বর—

গ্রুপ 'ক': প্রকৌশল বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের (উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন) মূল ভর্তি পরীক্ষা ২০২৪ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে হবে।

গ্রুপ 'খ': প্রকৌশল বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের (উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন) মূল ভর্তি পরীক্ষা ২০২৪ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে হবে। এই গ্রুপের মুক্তহস্ত অঙ্কন এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তির পরীক্ষা উন্মুক্ত।

মূল ভর্তি পরীক্ষায় 'ক' গ্রুপের জন্য ৪০০ নম্বরের এবং 'খ' গ্রুপের জন্য মোট ৮০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

\*চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ ৮ মার্চ।

